“মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৫.২০.১৮

তারিখ: ২১ পৌষ ১৪২৮
০৫ জানুয়ারি ২০২২

বিষয়: ডিসেম্বর ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত “ছক” মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের ডিসেম্বর ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।

প্রতিবেদনাধীন মাসের নাম: ডিসেম্বর ২০২১ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৪-০১-২০২২ খ্রি:

## (১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,০৬০ | ১,৯২৫ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,০৬০ | ১,৯২৫ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১২৩ | ৪১১ | ১০৭৬ | ৩১৫ | ১,৯২৫ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০৩টি
অতিরিক্ত পরিচালক -০৩টি
সহকারি পরিচালক -১৭টি
সমাজসেবা অফিসার/সমমান -৯৮টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৩ | -- | -- | ০৩ | - | - | অতিরিক্ত পরিচালক পদে পদোন্নতি। |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্তঃ (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৮২.৪০<br>(চারশত বিরাশি কোটি চল্লিশ লক্ষ টাকা) | ৮৫.৮৩৮০<br>(পঁচাশি কোটি তিরাশি লক্ষ আশি হাজার টাকা)<br>১৮% | ১। আর্সেনিকোসিস রোগীদের সচেতনতা সৃষ্টি এবং চিকিৎসা ব্যবস্থাপনা<br>২। নিয়ন্ত্রিত প্রবেশ ও প্রযুক্তিগত মনিটরিং ব্যবস্থাপনার মাধ্যমে ৮৫টি সরকারি শিশু পরিবারের সুরক্ষা ও নিবিড় তত্ত্বাবধান | ২২/১১/২০২১ |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। ফরিদপুর ও রাজবাড়ী জেলার বিভিন্ন উপজেলার দু:স্থ ও অসহায় নারীদের আয়বর্ধক কার্যক্রমের উপর প্রশিক্ষণ<br>২। লালমনিরহাট জেলার অতিদরিদ্র জনগোষ্ঠীকে বিবিধ প্রশিক্ষণের মাধ্যমে জীবনমান উন্নয়ন | | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-২২৬টি<br>অগ্রীম- ৯০টি<br>৩১৬ টি | ৯৫৩০০৪২৬৮<br>১২২৫৩৬৬৩২<br>১০৭৫৫৪০৯০০<br>(একশত সাত কোটি পঞ্চান্ন লক্ষ চল্লিশ হাজার নয়শত) | ০৯টি (সাধারণ)<br>০৯টি (অগ্রীম)<br>১৮টি | | সাধারণ-২২৬টি<br>নতুন- ৯০টি<br>মোট= ৩১৬টি<br><br>টাকার পরিমান<br>৯৫৩০০৪২৬৮<br>১২২৫৩৬৬৩২<br>১০৭৫৫৪০৯০০<br>(একশত সাত কোটি পঞ্চান্ন লক্ষ চল্লিশ হাজার নয়শত) | ১। সুপারিশকৃত ১৩টি অগ্রীম আপত্তির নিষ্পত্তি পত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>২। ০৪/১০/২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভায় সুপারিশকৃত ০৭টি অগ্রীম নিষ্পত্তির পত্র জারী করার জন্য ১৮/১১/২০২১ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে সিভিল অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।এখনো নিষ্পত্তিপত্র পাওয়া যায়নি।<br>৩। ২৬/১২/২১ তারিখ ২৬টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। তন্মেধ্যে ১৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১২৫ | ০৫ | ১৩০ | ০০ | ০১ | ০১ | ০২ | ০৭ | ১২৮<br>১ম শ্রেণির ৩৯ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৫৪ টি,<br>৪র্থ শ্রেণির ৩০ টি<br>মোট = ১২৮ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | শুরু থেকে এ পর্যন্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ২,৯৯,২৪৮ জন। এর আওতাধীন এতিম প্রতিবন্ধী ও অন্যান্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ২,৯৯২ জন |
| ২ | ৪৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স (চলমান) | ০৭ নভেম্বর ২০২১ হতে ০৬ মার্চ ২০২২ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩৫ জন |
| ৩ | Training Course on Budgeting & Accounting System in DSS (ভার্চুয়াল পদ্ধতি) | ০১ হতে ০২ ডিসেম্বর ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ২৩ জন |
| ৪ | Basic Computer & ICT Skill Development | ০৫ হতে ০৯ ডিসেম্বর ২০২১ | | ২৬ জন |
| ৫ | Training Course on Budgeting & Accounting System in DSS (ভার্চুয়াল পদ্ধতি) | ১২ হতে ১৩ ডিসেম্বর ২০২১ | | ২২ জন |
| ৬ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ১২ হতে ১৪ ডিসেম্বর ২০২১ | | ২৮ জন |
| ৭ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ১৯ হতে ২১ ডিসেম্বর ২০২১ | | ৩১ জন |
| ৮ | ওরিয়েন্টেশন কোর্স (৩য় শ্রেণী) | ৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৪ জন |
| ৯ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশু সুরক্ষা (৩য় শ্রেণী) | ৫ দিন | | ২২ জন |
| ১০ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশু সুরক্ষা (৩য় শ্রেণী) | ৫ দিন | | ২৪ জন |
| ১১ | পেশাগত দক্ষতা উন্নয়ন | ১২ হতে ১৪ ডিসেম্বর ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ৩০ জন |
| ১২ | দারিদ্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৯ হতে ২৩ ডিসেম্বর ২০২১ | | ৩০ জন |
| ১৪ | দারিদ্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২৬ হতে ৩০ ডিসেম্বর ২০২১ | | ৩২ জন |
| ১৫ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশু সুরক্ষা | ১৯ হতে ২৩ ডিসেম্বর ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ২৮ জন |
| ১৬ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ২৮ হতে ৩০ ডিসেম্বর ২০২১ | | ৩৪ জন |
| ১৭ | দারিদ্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২৮ নভেম্বর হতে ০২ ডিসেম্বর ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৫ জন |
| ১৮ | দারিদ্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২৬ হতে ৩০ ডিসেম্বর ২০২১ | | ২৬ জন |
| ২০ | কেইস ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ৬ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৪০ জন |
| ২১ | দারিদ্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ৬ দিন | | ৪১ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :
জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক ১৯ হতে ২০ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০২ (দুই) কর্মদিবস ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১২৩ জন, ২য় শ্রেণির ৪১১ জন, ৩য় শ্রেণির ১০৭৬ জন এবং ৪র্থ শ্রেণির ৩১৫ জন মোট ১ হাজার ৯২৫ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(০১) ৩১ ডিসেম্বর/২১ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ১ কোটি ২  লক্ষ ৮৪ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে প্রায় ৯১ লক্ষ ৭৬ হাজার ৫৩৭ জনের EFT এর মাধ্যমে ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে। বিতরণের হার ৯১.৯৯% এবং EFT মাধ্যমে ভাতার অর্থ প্রেরণের কাজ  চলমান রয়েছে।

(০২) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২৮.৪৩ কোটি টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকার বিভাজন উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। ২য় কিস্তি প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড় করা হয়েছে। বিল প্রস্তুতপূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য হিসাব শাখায় ইউও নোট প্রেরণ করা হয়েছে।

(০৩) “১৪-২১ ডিসেম্বর সুদমুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ” উদযাপিত হয়। জাগরণী সপ্তাহে সমগ্র বাংলাদেশে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের সর্বমোট ৫২ কোটি ১০ লক্ষ ৪ হাজার ৯৪০ টাকা বিনিয়োগ, ৬৩ কোটি ০৮ লক্ষ ৫৭ হাজার ১৮২ টাকা পুন:বিনিয়োগ ও অনাদায়ী অর্থ ৫২ কোটি ৭৪ লক্ষ ২৮ হাজার ২৬১ টাকা আদায় করা হয়েছে।

(০৪) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২য় কিস্তি ছাড়করণের প্রস্তাব সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৫) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ার এ ডাটা এন্ট্রি/টেস্টিং সম্পূর্ণ করার জন্য Softbd এর সাথে সভা অনুষ্ঠিত হয়েছে।

(০৬) ২০২১-২২ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) কর্তৃক ১০.৬০ কোটি টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ২ কোটি ৬৫ লক্ষ টাকার বিভাজন মাঠ পর্যায়ে শহর সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ চলমান রয়েছে। ২য় কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়করণ করা হয়েছে। বিল প্রস্তুতপূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(০৭) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৪ লক্ষ ৪৭ হাজার ৪৩৩ জন।

(০৮) ০১-৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত মোট এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১৭ হাজার ৭৯৭ জন। এর মধ্যে অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ১৭ হাজার ১৫৫ জন এবং ১১ হাজার ২৪৩ জন প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করা হয়েছে।

(০৯) সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ নীতিমালার খসড়া সদয় অনুমোদনের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৭.২১-৪১২ তারিখ ০১ ডিসেম্বর ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

(১০) মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশনসহ অন্যান্য কর্মসূচী পালনের নিমিত্ত জেলাধীন সংশ্লিষ্ট আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাকে নির্দেশ প্রদানের অনুরোধ জানিয়ে অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬২.২৩.০০৩.২০.২৮৬ তরিখ ০৮ ডিসেম্বর ২০২১ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

(১১) শিশু উন্নয়ন কেন্দ্র (বালক), পুলেরহাট, যশোর এর ১০ জুলাই ২০২১ তারিখ সংগঠিত বিক্ষোভ ও ভাংচুরের ঘটনার বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, যশোর এর তদন্ত প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহের বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা বাস্তবায়নের জন্য অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.৪২৪ তরিখ ১৩ ডিসেম্বর ২০২১ যোগে তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র (বালক/বালিকা), টঙ্গী, গাজীপুর/পুলেরহাট, যশোর/কোনাবাড়ী, গাজীপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

(১২) জেলা ম্যাজিস্ট্রেট, যশোর এর তদন্ত প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.৪৪৬ তরিখ ২৮ ডিসেম্বর ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

(১৩) বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানের ২০২১-২২ অর্থবছরে অনুমোদিত দরপত্র অনুযায়ী "ঙ" গ্রুপভূক্ত বিবিধ মালামাল ক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরিত চাহিদাপত্র (এ পর্যন্ত প্রাপ্ত) যাচাই-বাচাই ও পরীক্ষা-নিরীক্ষান্তে সুপারিশকৃত অর্থ বরাদ্দ ও মঞ্জুরীর জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় বরাবর ইউও নোট প্রেরণ করা হয়েছে।

(১৪) জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক পরিচালিত '৪৭ তম বুনিয়াদি' প্রশিক্ষণ কোর্সে স্বনামধন্য রিসোর্স পারসন হিসেবে **ডিসেম্বর**, ২০২১ মাসে সেশন পরিচালনা করেন বীর মুক্তিযোদ্ধা বীর প্রতীক লেফটেন্যান্ট কর্ণেল (অবসর প্রাপ্ত) কাজী সাজ্জাদ আলী জহির; বেগম কামরুন নাহার, সাবেক সচিব (তথ্য এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার; জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্ম সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা; জনাব ড: মোঃ রেজাউল ইসলাম, অধ্যাপক, ইনস্টিটিউড অব সোস্যাল ওয়েল ফেয়ার এন্ড রিসার্স, ঢাকা বিশ্ববিদ্যালয়; জনাব ড: রবিউল ইসলাম, অধ্যাপক, ইনস্টিটিউড অব সোস্যাল ওয়েল ফেয়ার এন্ড রিসার্স, ঢাকা বিশ্ববিদ্যালয়; জনাব মোঃ রাশেদুল ইসলাম, চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা; উল্লেখিত রির্সোস পারসন ছাড়াও সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১), পরিচালক, অতিরিক্ত পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ সেশন পরিচালনা করেন।

(১৫) '৪৭ তম বুনিয়াদি প্রশিক্ষণের কোর্স গাইড লাইন অনুসারে প্রশিক্ষণার্থীরা ১৮ ডিসেম্বর হতে ২৩ ডিসেম্বর ২০২১ খ্রি: গোপালগঞ্জ, বাগেরহাট, কুমিল্লা, মৌলভীবাজার ও রংপুর মোট ০৫ (পাঁচ) টি জেলায় মাঠ পরিদর্শন করেন।

(১৬) ০২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে মূদ্রণকৃত পোস্টার, ব্রোশিয়র, লিফলেট এবং ক্যালেন্ডার মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

## (১০) গ. আগামী ২ মাসে (জানুয়ারি ২০২২, ফেব্রুয়ারি ২০২২) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সমাজসেবা অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসীদের এসএসসি/২০২১ ও এইচ এস সি/২০২১ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হবে।

(০২) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত বেসরকারি এতিমখানাসমূহের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১ম কিস্তি (জুলাই/২১ হতে ডিসেম্বর/২১) সরকারি অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বাবদ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ অধিদপ্তর হতে পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকল কার্যালয়/প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হবে।

(০৩) ২০২১-২২ অর্থবছরের বাজেটে পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২৩.৩২ কোটি টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাক যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৪) সুদমুক্ত ক্ষুদ্রঋণের সুবিধাভোগীদের মধ্যে যারা আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে নিজেদের অবস্থার পরিবর্তন করতে সক্ষম হয়েছে সে সকল সফল ঋণগ্রহীতা, সফল উপজেলা ও গ্রামের সাফল্যগাঁথা সংগ্রহ করে সাকসেস স্টোরী সম্বলিত সুভ্যেনিয়র প্রকাশ করা হবে।

(০৫) "১৪-২১ ডিসেম্বর ২০২১ সুদমুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ" উপলক্ষ্যে গৃহীত কার্যক্রমের তথ্য মাঠ পর্যায় থেকে সংগ্রহ পূর্বক মাতৃকেন্দ্র কার্যক্রমের বর্তমান চিত্র পর্যালোচনা করা হবে।

ঘ. আগামী দুই মাসে (জানুয়ারি ২০২২, ফেব্রুয়ারি ২০২২) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

"মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৭.২১. ৪১২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮
০১ ডিসেম্বর ২০২১

বিষয়: সরকারি বাক্-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ নীতিমালার খসড়া প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সরকারি বাক্-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ নীতিমালার খসড়া প্রণয়ন করা হয়েছে।

০২। এ অবস্থায়, সরকারি বাক্-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ নীতিমালার খসড়া সদয় অনুমোদনের নিমিত্ত এ'সাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ...৬৩.......পাতা।

০১/১২/২১

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: +৮৮০২-৫৫০০৭০২৪
ইমেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
সরকারি শিশু পরিবার
সমাজসেবা ভবন, আগারগাঁও, শেরেবাংলা
নগরঢাকা-১২০৭ www.dss.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০৩.২০.২৮৬

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

বিষয়: **মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন।**

সূত্র: ৪১.০১.০০০০.০২০.২৩.০০৭.২১.৬৬৮ তারিখঃ ১১ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩/১১/২০২১ তারিখ সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় 'মহান বিজয় দিবস' উপলক্ষে গৃহীত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | গৃহীত কর্মসূচি | কর্মসূচি বাস্তবায়নের সময়কাল |
|---|---|---|
| ১ | সমাজসেবা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানে সরকারি বিধি অনুযায়ী জাতীয় পতাকার সঠিক রং ও মাপ নিশ্চিতপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করতে হবে | ১৬ ডিসেম্বর ২০২১ |
| ২ | সমাজসেবা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানসমূহ আলোকসজ্জাকরণ | ১৬ ডিসেম্বর ২০২১ |
| ৩ | সমাজসেবা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের নিবাসিদের জন্য উন্নতমানের খাবার পরিবেশন | ১৬ ডিসেম্বর ২০২১ |
| ৪ | সকল সরকারি শিশু পরিবারে মুক্তিযুদ্ধভিত্তিক কুইজ, রচনা প্রতিযোগিতার আয়োজন | ডিসেম্বর ২০২১ |
| ৫ | সকল সরকারি শিশু পরিবার, দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র এবং শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ | ডিসেম্বর ২০২১ |

এ প্রেক্ষিতে সভার সিদ্ধান্ত অনুযায়ী সমাজসেবা অধিদফতরের আওতায় পরিচালিত সকল আবাসিক প্রতিষ্ঠানে উন্নতমানের খাবার পরিবেশনসহ অন্যান্য কর্মসূচি পালনের নিমিত্ত জেলাধীন সংশ্লিষ্ট আবাসিক প্রতিষ্ঠানের কর্মকর্তাকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, দিবসটি উদযাপনের জন্য সরকারি ভাবে আলাদা বরাদ্দ পাওয়া গেলে অর্থ প্রদান করা হবে, নতুবা নিবাসীদের ভোজ্য খাতের নিয়মিত বরাদ্দ হতে সমন্বয় করে উক্ত ব্যয় নির্বাহ করতে হবে।

৮-১২-২০২১
মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২৩.০০৩.২০.২৮৬/১(৯)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর

২) কর্মসূচি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, সমাজসেবা অধিদফতর

৩) পরিচালক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/ঢাকা/রংপুর

৪) অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, ঢাকা

৫) উপপরিচালক, ভবঘুরে কার্যক্রম শাখা, সমাজসেবা অধিদফতর

৬) উপপরিচালক, সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন শাখা, সমাজসেবা অধিদফতর

৭) অধ্যক্ষ, মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান, চট্টগ্রাম

৮) জেনারেল ম্যানেজার, এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য কারিগরী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র

৯) উপপ্রকল্প পরিচালক, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, সমাজসেবা অধিদফতর (সকল)

৮-১২-২০২১
মো: আফজাল হোসাইন
উপপরিচালক

"মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আইনের সংস্পর্শে ও সংঘাতে আসা প্রতিষ্ঠান
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০. ৪২৪

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২
১৩ ডিসেম্বর ২০২

বিষয়: শিশু উন্নয়ন কেন্দ্র (বালক), পুলেরহাট, যশোর-এ ১০ জুলাই ২০২১ তারিখে সংঘটিত বিক্ষোভ ও ভাংচুরের ঘটনার জেলা ম্যাজিস্ট্রেট, যশোর এর তদন্ত প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য

সূত্র: ৪১.০০.০০০০.০৩২.৩১.০০১.২১.২৪৮ তারিখ: ২৪ নভেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, শিশু উন্নয়ন কেন্দ্র (বালক), পুলেরহাট, যশোর এ ১০ জুলাই ২০২১ তারিখে সংঘটিত ও ভাংচুরের ঘটনার বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, যশোর এর তদন্ত প্রতিবেদনের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরি নিম্নবর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

- কর্মকর্তা কর্মচারীদের কক্ষভিত্তিক দায়িত্ব প্রদান করা;
- ট্রেড ও শিক্ষা কার্যক্রমে শিক্ষকদের হতাশাজনক পারফরমেন্সের কারণে তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা;
- ইলেক্ট্রিকেল ও ইলেকট্রনিক্সের ওপর প্রশিক্ষণ বন্ধ করে কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য দর্জি, টুপি বুনন, মোড়া হালকা আসবাব তৈরির প্রশিক্ষণ দেয়া;
- শিশু আইনের ৬৩(২) ধারা বাস্তবায়নে শিশুদের ১০-১১ বছর, ১২-১৪ বছর এবং ১৪-১৭ বছর তিনটি গ্রুপে ভাগ ক করে রাখা;
- উচ্ছৃঙ্খল এবং খুন, মাদক ও ধর্ষণ মামলার শিশুদের আলাদা রাখা;
- কেন্দ্রের ছাদে উঠার ব্যবস্থা স্থায়ীভাবে বন্ধ করা;
- শিশু আইন, ২০১৩ এ যেভাবে শিশুদের রাখার ব্যবস্থার কথা বলা হয়েছে তা বাস্তবায়নে কেন্দ্রের ২টি ভবন ভে করে এসব ব্যবস্থা সম্বলিত ১টি ভবন তৈরি করা;
- শিশু আইন, ২০১৩ এর ৩৪(৩) ধারা সংশোধন করে ১৮ বছর বয়সী শিশুদের আদালতের মাধ্যমে কারাগারে করে জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক কারাগারে প্রেরণ করে আদালতকে অবহিত করা রাখা;

০২। এ অবস্থায়, উল্লেখিত সুপারিশসমূহ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অধিদফতরে অগ্রগতি প্র প্রেরনের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
পরিচালক
ফোন: +৮৮০২-৮১৮১৫০৪
dir.inst@dss.gov.bd


তত্ত্বাবধায়ক (সহকারি পরিচালক)
শিশু উন্নয়ন কেন্দ্র (বালক/বালিকা)
টংগী, গাজীপুর/ পুলেরহাট, যশোর/কোনাবাড়ী, গাজীপুর।

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা/খুলনা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর/যশোর।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর/যশোর।

"মুজিববর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
আইনের সংস্পর্শে ও সংঘাতে আসা প্রতিষ্ঠান
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০. ৪৪৬ তারিখ: ২৮/১২/২০২১ খ্রি:
১৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: শিশু উন্নয়ন কেন্দ্র (বালক), পুলেরহাট, যশোর-এ ১০ জুলাই ২০২১ তারিখে সংঘটিত বিক্ষোভ ও ভাংচুরের ঘটনার বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, যশোর এর তদন্ত প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রেরণ।

সূত্র: ৪১.০০.০০০০.০৩২.৩১.০০১.২১.২৪৮ তারিখ: ২৪ নভেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে, শিশু উন্নয়ন কেন্দ্র (বালক), পুলেরহাট, যশোর-এ ১০ জুলাই ২০২১ তারিখে সংঘটিত বিক্ষোভ ও ভাংচুরের ঘটনার বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, যশোর এর তদন্ত প্রতিবেদন এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য নির্ধারিত ছক মোতাবেক নিম্নে দেয়া হলো।

| ক্রম | সুপারিশ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি/গৃহীত পদক্ষেপ | হালনাগাদ তথ্য/মন্তব্য |
|---|---|---|---|---|
| | ১৩ আগস্ট ২০২০ তারিখের ঘটনার বিষয়ে গঠিত পূর্বের তদন্ত কমিটির বাস্তবায়নযোগ্য সুপারিশ | | | |
| ১. | নিরাপত্তারক্ষীর সংখ্যা বাড়ানো প্রয়োজন; | সমাজসেবা অধিদফতর | আনসার সদস্যের সংখ্যা বৃদ্ধির জন্য সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.২১৯ তারিখ: ১৩ জুলাই ২০২১ মূলে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-ক)। | প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন |
| ২. | ১৮ বছরের বেশী কোনো কিশোর যেন কেন্দ্রে অবস্থান করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.২৫৪ তারিখ: ২৯ আগষ্ট ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-খ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৩. | শিশু উন্নয়ন কেন্দ্রের সংখ্যা বাড়ানো প্রয়োজন। প্রয়োজনে প্রতিটি বিভাগে একটি করে শিশু উন্নয়ন কেন্দ্র স্থাপন করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং পরিকল্পনা, উন্নয়ন ও আইন অনুবিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয় | ডিপিপি প্রণয়নের কাজ চলমান (রাজশাহী বিভাগের জন্য ডিপিপি প্রণীত) | খুলনা বিভাগ, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন এবং সিলেট বিভাগ সিলেট জেলার কানাইঘাট উপজেলাধীন উপকারাগারের অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের জন্য প্রতীকী মূল্য বরাদ্দ ও মঞ্জুরী প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-ছ)। |
| ৪. | শিশুদের অপরাধের মাত্রা এবং বয়স বিবেচনায় পৃথক পৃথক করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.২৫৪ তারিখ: ২৯ আগষ্ট ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-খ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৫. | শিশুদের কাউন্সিলিং করা, ধর্মীয় ও নৈতিক শিক্ষা এবং কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.২৫৪ তারিখ: ২৯ আগষ্ট ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-খ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৬. | ১ জন ডাক্তার ও ২-৩ জন নার্সের সমন্বয়ে চিকিৎসা ব্যবস্থা করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং স্বাস্থ্যসেবা বিভাগ | | এ বিষয়ে প্রশাসন শাখা, সমাজসেবা অধিদফতর হতে ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। |
| স্বল্প মেয়াদে বাস্তবায়নযোগ্য সুপারিশ | | | | |
| ৭. | কর্মকর্তা কর্মচারীদের কক্ষভিত্তিক দায়িত্ব প্রদান করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৮. | ট্রেড ও শিক্ষা কার্যক্রমে শিক্ষকদের হতাশাজনক পারফরমেন্সের কারণে তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ৯. | ইলেক্ট্রিকেল ও ইলেকট্রনিক্সের ওপর প্রশিক্ষণ বন্ধ করে কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য দর্জি, টুপি বুনন, মোড়া তৈরিসহ হালকা আসবাব তৈরির প্রশিক্ষণ দেয়া যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১০. | শিশুদের পর্যাপ্ত খাবার প্রাপ্তি নিশ্চিতকরনের জন্য খাবারের বরাদ্দ বর্তমানে দেড়গুন বৃদ্ধি করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় | বাস্তবায়িত | জন প্রতি ৫০০/- বৃদ্ধি করা হয়েছে |
| ১১. | শিশু আইনের ৬৩(২) ধারা বাস্তবায়নে শিশুদের ১০-১১ বছর, ১২-১৪ বছর এবং ১৪-১৭ বছর তিনটি গ্রুপে ভাগ করে পৃথক করে রাখা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১২. | সপ্তাহের কমপক্ষে ২দিন প্রতিবার ১০ মিনিট করে শিশুদের পরিবারের সদস্যদের সাথে কথা বলার ব্যবস্থা করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | শিশুদের সাথে তাদের অভিভাবকদের স্কাইপির মাধ্যমে যোগাযোগের জন্য সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ০৬৩.১৮.০৫০.১৫.২১৫ তারিখ: ৯ এপ্রিল ২০১৫ মূলে ব্যবস্থা গ্রহন করা হয়েছে (পরিশিষ্ট-ঘ)। | করা হয়েছে। |
| ১৩. | উচ্ছৃঙ্খল এবং খুন, মাদক ও ধর্ষণ মামলার শিশুদের আলাদা রাখা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১৪. | অঙ্গীভূত আনসারের পরিবর্তে আর্মড পুলিশ ব্যাটালিয়ান নিযুক্ত করা যেতে পারে; | মন্ত্রিপরিষদ বিভাগ এবং জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ১৩/০৭/২০২০ তারিখের আন্তমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত নং ০৩.১(ক) এর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রদান করা হয়েছে। | |
| ১৫. | ভান্ডার রক্ষক রফিকুল আলমকে দ্রুত চাকরি থেকে অপসারণ এবং মালী ওয়াজেদ আলীর বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরপূর্বক শাস্তির ব্যবস্থা করার জোর সুপারিশ করছে; | সমাজসেবা অধিদফতর | | অধিদফতর হতে ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। |
| ১৬. | কেন্দ্রের তত্ত্বাবধায়ক নিয়োগে সার্বিক যোগ্যতাকে প্রাধান্য দেয়া এবং কেন্দ্রের সকল কর্মকর্তা-কর্মচারীকে শিশু আইনের ওপর ২ দিনের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় | | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জাতীয় সমাজসেবা একাডেমী থেকে ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। |
| ১৭. | কেন্দ্রের ছাদে উঠার ব্যবস্থা স্থায়ীভাবে বন্ধ করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১৮. | শিশু আইন প্রতিপালন এবং আদালতের সাথে এ সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগের জন্য জেলা প্রবেশন কর্মকর্তা সার্বক্ষণিক সচেষ্ট থাকবেন; | সমাজসেবা অধিদফতর | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০. ০৬৩.১৮.০০২.২০.৪২৮ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-ঙ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ১৯. | জিডিমূলে প্রেরিত শিশুদের কেন্দ্রে না রেখে সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠানে রাখা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর | | প্রক্রিয়াধীন |
| ২০. | কারাবিধির ৮৫৫ অনুযায়ী-প্রতি কারাগারে ১৬ বছর বয়স থেকে ২১ বছর বয়সী অপরাধীদের আলাদা করে রাখার ব্যবস্থা রয়েছে। ১৬ বছরের কম অপ্রাপ্ত বয়স্কদের কিশোর উন্নয়ন কেন্দ্রে প্রেরণের বিষয়টি উল্লেখ রয়েছে। তবে শিশু আইন, ২০১৩ অনুযায়ী ১৮ বছর পর্যন্ত শিশু উন্নয়ন কেন্দ্রে রাখার বাধ্যবাধকতা রয়েছে। পৃথিবীর অনেক দেশে বিশেষ করে ভারতের শিশুর বয়স ১৮ নির্ধারণ করা হলেও ১৬ বছরের বেশি বয়স্করা জঘন্য অপরাধের সাথে যুক্ত হলে | | | প্রশাসনিক মন্ত্রণালয় হতে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। |

| | | | | |
|---|---|---|---|---|
| | তাদেরকে প্রাপ্তবয়স্ক হিসেবে বিবেচনা করে বিচার কার্যক্রম পরিচালনা করা হয়। বাংলাদেশেও প্রয়োজনীয় আইন সংশোধন করে এ বিষয়টি বাস্তবায়ন করা যেতে পারে; | | | |
| ২১ | শিশু আইন, ২০১৩ এ যেভাবে শিশুদের রাখার ব্যবস্থার কথা বলা হয়েছে তা বাস্তবায়নে কেন্দ্রের ২টি ভবন ভেঙ্গে লম্বা করে এসব ব্যবস্থা সম্বলিত ১টি ভবন তৈরি করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর, পরিকল্পনা, উন্নয়ন ও আইন অনুবিভাগ এবং প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা অনুবিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২২. | শিশু আইন, ২০১৩ এর ৩৪(৩) ধারা সংশোধন করে ১৮ বছর বয়সী শিশুদের আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ না করে জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক কারাগারে প্রেরণ করে আদালতকে অবহিত করার বিধান রাখা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং পরিকল্পনা, উন্নয়ন ও আইন অনুবিভাগ সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.৪২৪ তারিখ: ১৩ ডিসেম্বর ২০২১ মূলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-গ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। |
| ২৩. | শিশু আইন, ২০১৩ এর বিধিমালা প্রণয়ন করা যেতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং পরিকল্পনা, উন্নয়ন ও আইন অনুবিভাগ সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদফতর এর স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬৩.২২.৪১১.২০.৪০১ তারিখ: ২৮ নভেম্বর ২০২১ মূলে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে (পরিশিষ্ট-চ)। | প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন |
| ২৪. | সমাজকল্যাণ মন্ত্রণালয় শিশু উন্নয়ন কেন্দ্রের উন্নয়ন কাজের জন্য সরকারের যেকোনো প্রকৌশল বিভাগের সাথে স্মারক চুক্তি করতে পারে; | সমাজসেবা অধিদফতর এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় | | প্রক্রিয়াধীন |

০২। এ অবস্থায়, উপরোক্ত তথ্যাদি তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: .............. পাতা।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফ্যাক্স: ০২-৪৮১১৮৫৭১
ইমেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।